

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।
www.kkcp.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১৮.০৫৮.২৪- ২২৭০

তারিখঃ ১০/০৪/২০২৫খ্রিঃ

বিষয়ঃ কিশোর-কিশোরী ক্লাবে ফেব্রুয়ারি/২৫ ও মার্চ/২৫ মাসে প্রতি ক্লাব দিবসে বাস্তবভিত্তিক নাস্তা বন্টনের প্রত্যয়ন প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় ৪৮৮৩ টি ক্লাব স্থাপন করা হয়েছে। ক্লাব সদস্যদের পুষ্টি চাহিদা পূরনের লক্ষ্যে নাস্তা বাবদ প্রতি সপ্তাহে ২ দিন প্রতিটি ক্লাবে ৩০ জন কিশোর-কিশোরীর জন্য জনপ্রতি ৩০/- টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থবছরের ৩য় কিস্তির অর্থ ছাড় না হওয়ার কারণে ফেব্রুয়ারি/২০২৫ এবং মার্চ/২০২৫ মাসের নাস্তার বরাদ্দ বকেয়া রয়েছে। ফিল্ড সুপারভাইজরদের সাপ্তাহিক ক্লাব মনিটরিং প্রতিবেদন পর্যালোচনা এবং ক্লাব পর্যায়ে কর্মরত জনবল ও অন্যান্য মাধ্যম হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিভিন্ন উপজেলায় নাস্তা সুষ্ঠুভাবে বিতরণের বিষয়টি স্পষ্ট ও নিশ্চিত নয়।

এমতাবস্থায়, উক্ত বকেয়া দুই মাসের নাস্তার প্রকৃত/বাস্তব বরাদ্দ প্রদানের লক্ষ্যে ফিল্ড সুপারভাইজরদেরকে তাদের দায়িত্বাধীন উপজেলার প্রতিটি ক্লাব দিবসে সুষ্ঠুভাবে ও বাস্তবভিত্তিক নাস্তা প্রদানের প্রত্যয়ন নিজ স্বাক্ষরে সংশ্লিষ্ট উপপরিচালক এর মাধ্যমে প্রকল্প পরিচালক বরাবর আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে kkcpadmn@gmail.com মেইলে প্রেরণ করার জন্য বলা হলো।

(বিষয়টি অতীব জরুরী)

বিতরণঃ

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)।
- ২। ফিল্ড সুপারভাইজর (সকল)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।


১০.০৪.২০২৫

মোঃ লিয়াকত আলী
উপপ্রকল্প পরিচালক
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
ফোন- ০২-৫৫১৩৮০১৭

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মহাপরিচালক (গ্রেড-১), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)
০৪. জেডার প্রমোটার এবং সংগীত ও আবৃত্তি শিক্ষক (সকল), কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
০৫. অফিস কপি।